৭/৮/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১০ কলাম ২

ভোরের কাগজ

# জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ৩টি জার্নাল প্রকাশিত হবে

———————দূর্গাদাস ভট্টাচার্য

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. দূর্গাদাস ভট্টাচার্য বলেছেন, শিগগিরই বিশ্ববিদ্যালয়ের অধীনে ফ্যাকাল্টিভিত্তিক তিনটি জার্নাল প্রকাশিত হবে। জার্নালগুলোয় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের শিক্ষকরা লিখতে পারবেন। তিনি বলেন, এর ফলে কলেজ শিক্ষকদের আধুনিক গবেষণার ক্ষেত্র আরো সম্প্রসারিত হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রমের আওতায় ব্যবস্থাপনা, অর্থনীতি ও প্রাণিবিদ্যা বিষয়ের প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এ টি এম জহুরুল হক। বিজ্ঞপ্তি।